

হ্রাদে গো নন্দরানী, আমাদের শ্যামকে ছেড়ে দাও ।
 আমরা রাখাল-বালক দাঁড়িয়ে দ্বারে । আমাদের শ্যামকে দিয়ে যাও ॥
 হেরো গো প্রভাত হল, সুখি ওঠে, ফুল ফুটেছে বনে ।
 আমরা শ্যামকে নিয়ে গোষ্ঠে যাব আজ করেছি মনে ।
 ওগো, পীত ধড়া পরিয়ে তারে কোলে নিয়ে আয় ।
 তার হাতে দিয়ো মোহন বেণু, নূপুর দিয়ো পায় ॥
 রোদের বেলায় গাছের তলায় নাচব মোরা সবাই মিলে ।
 বাজবে নূপুর রুনুঝু, বাজবে বাঁশি মধুর বোলে ।
 বনফুলে গাঁথব মালা, পরিয়ে দেব' শ্যামের গলে ॥

Parjaay: Bichitro (88), Taal: Dadra, Raag: Mishra Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail